

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৩৩৩

আগরতলা, ২৪ সেপ্টেম্বর, ২০২৪

জল জীবন মিশন

**রাজ্যের গ্রামীণ এলাকায় ৬,২৪,৭৩৪টি বাড়িতে পানীয়জলের সংযোগ**

জল জীবন মিশনে রাজ্যের গ্রামীণ এলাকায় এখন পর্যন্ত ৬,২৪,৭৩৪টি বাড়িতে পাইপ লাইনে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। এই মিশনে রাজ্যের গ্রামীণ এলাকায় গত ১-১৭ সেপ্টেম্বর ১,২৮৪টি বাড়িতে পাইপ লাইনে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। এর মধ্যে উত্তর ত্রিপুরা জেলায় ৮৩টি, উনকোটি জেলায় ৩২টি, ধলাই জেলা ৩০৫টি, খোয়াই জেলায় ১৯২টি, পশ্চিম ত্রিপুরা জেলায় ১৬৯টি, সিপাহীজলা জেলায় ৩২৬টি, গোমতী জেলায় ৪৪টি এবং দক্ষিণ ত্রিপুরা জেলায় ১৩৩টি বাড়িতে পাইপ লাইনে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। জল জীবন মিশন ও স্বাস্থ্য বিধান দপ্তরের নোডাল অফিসার এই সংবাদ জানান।

\*\*\*\*\*